# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 MARCH 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আজ তিনদিনের আসাম ও মিজোরামের সফরসূচী নিয়ে রাজ্যে/

(২) রঙের উৎসব হোলি উপলক্ষে রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন/

(৩) বরাক উপত্যকায় আজ পুষ্প দোল, দোল পুর্ণিমা ও বসন্ত উৎসবকে কেন্দ্র করে বিভিন্ন অনুষ্ঠান/

এবং

(৪) বদরপুরের কাছে আজ এক সড়ক দুর্ঘটনায় একজনের মৃত্যু/

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ তিনদিনের আসাম ও মিজোরাম সফরে আজ দেরগাঁও আসছেন। আগামীকাল তিনি দেড়গাঁও এ লাচিত বরফুকন পুলিশ একাডেমীর নব নির্মিত ভবনের উদ্বোধন করবেন । ১৬৭ কোটি ৪০ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে এই ভবনটি নির্মাণ করা হয়েছে । এছাড়া স্বরাষ্ট্রমন্ত্রী ৪২৫ কোটি ৪৮ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে লাচিত বরফুকন পুলিশ একাডেমীর আবাসগৃহ নির্মানের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।অনুষ্ঠানে কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহণ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সণোয়াল ও মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা উপস্থিত থাকবেন । এরপর স্বরাষ্ট্রমন্ত্রী যোরহাট হয়ে

আইজলের উদ্দেশ্যে যাত্রা করবেন । শ্রী শাহ দেশের সবচেয়ে পুরোণো আধাসামরিক বাহিনী আসাম রাইফেলসের প্রায় দেড়শ বছর পুরোণো ছাউনিটি আইজল থেকে প্রায় ১৫ কিলোমিটার দূরে জোখ-ছাঙ এ স্থানান্তরিত করা অনুষ্ঠানে অংশ নেবেন । উল্লেখ্য গত বছরের ২৩ শে অক্টোবর নতুনদিল্লীতে মিজোরাম সরকার ও আসাম রাইফেলস বাহিনীর মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী আইজল শহরে থাকা আসাম রাইফেলসের ঘাটি আইজল থেকে জোখ-ছাঙ এ স্থানান্তরিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল । এই চুক্তি অনুযায়ী আসাম রাইফেলসের আইজলের খাটলাতে থাকা মিজোরাম খন্ডের আঞ্চলিক প্রাংগন ও টুইখোরটলাঙের রাজভবনের কাছে থাকা উপ পুলিশ মহাপরিদর্শকের সরকারী বাসভবন স্থানান্তরিত করা হবেনা ।

---------------------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ পরম্পরাগত উৎসাহ উদ্দীপনায় রঙের উৎসব হোলি উদযাপন করা হচ্ছে । ঋতুরাজ বসন্তের আগমনকে কেন্দ্র করে আয়োজিত এই উৎসব অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির বিজয়কে সূচিত করে । এবং সমাজে ঐক্য ও সমন্বয়ের বন্ধন সুদৃঢ় করে । হোলিকা দহনের মাধ্যমে আরম্ভ হওয়া এই উৎসব সত্য ও ন্যায়ের বিজয়ের প্রতীক হিসেবে দেখানো হয় ।

আসামেও গতকাল থেকে চিরাচরিত রীতিনীতি এবং উৎসাহ উদ্দীপনার মাধ্যমে দোল উৎসব উদযাপন করা হয়েছে । ঐতিহ্যমন্ডিত বরপেটা সত্র সহ রাজ্যের স্থানে স্থানে দোল উৎসবকে কেন্দ্র করে উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে । মহাপুরুষ শ্রীমন্ত শঙ্করদেবের জন্মস্থান বটদ্রবায় গতকাল থেকে পাঁচদিনের দোল উৎসব উদযাপন শুরু হয়েছে । এছাড়া উত্তর গুয়াহাটির দোল গোবিন্দ, মাজুলির বিভিন্ন সত্র সহ অন্যান্য স্থানে দোলযাত্রা উপলক্ষে নাম সঙ্কীর্তন, প্রসাদ বিতরণ সহ নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং আসামের মুখ্যমন্ত্রী হোলি এবং দোলযাত্রা উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু তাঁর বার্তায় বলেছেন যে- রঙের উৎসব হোলি আনন্দ এবং উৎসাহের পরিবেশ বয়ে নিয়ে আসে ।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় তাঁর শুভেচ্ছা বার্তায় বলেছেন যে- হোলি অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির বিজয় এবং বসন্ত ঋতুর আগমনকে সূচীত করে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় বলেছেন যে- আনন্দ, উৎসাহের এই উৎসব সবার জীবনে উৎসাহ এবং উদ্যম বয়ে আনবে এবং দেশবাসীর মধ্যে ঐক্যের রঙ গভীর করে তুলবে ।

আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা দোল উৎসব উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । মুখ্যমন্ত্রী এক বার্তায় আবিরের রঙ সকলের মন প্রাণ রঙিন করে তুলবে বলে আশা প্রকাশ করেন ।

বরাক উপত্যকায়ও আজ ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমে দোলযাত্রা পালন করা হয়েছে । উপত্যকার তিন জেলা-কাছাড়, শ্রীভূমি ও হাইলাকান্দির বিভিন্ন মন্দির, আখড়া ইত্যাদিতে আজ দোল পূর্ণিমা উপলক্ষে বিশেষ পূজোর আয়োজন করা হয়েছে । শিলচরের ইসকন মন্দির, শ্যামসুন্দর আখড়া, রাধামাধব আখড়া, গোপাল জিউর মন্দির, গৌড়ীয় মঠ প্রভৃতি স্থানে আজ দিনব্যাপী হরিনাম সংকীর্তন, প্রসাদ বিতরণে প্রচুর ভক্ত সমাগম হয়েছে । এছাড়াও কয়েকটি স্থানে ব্যক্তিগত উদ্যোগে দোল পূর্ণিমা উপলক্ষে হরিনাম সংকীর্তনের আয়োজন করা হয়েছে ।

এদিকে বসন্ত ঋতুকে আবাহন করে বরাক উপত্যকার বিভিন্ন অঞ্চলে বসন্ত উৎসব পালনও চলছে । দোল উৎসবকে কেন্দ্র করে শিলচরের বেশকয়েকটি সংগঠন বসন্ত উৎসবের আয়োজন করেছে । আজ শিলচর নর্মাল স্কুল প্রাঙ্গণে বৃহত্তর সুরমা-বরাক উপত্যকার ঐতিহ্যবাহী পুষ্প দোলের আয়োজন করেছে সাংস্কৃতিক সংগঠন- আর্য সংস্কৃতি বোধনী সমিতি । এই সংস্থাটি বিগত কয়েক বছর ধরে কোনোধরণের রঙের ব্যবহার না করেই শুধুমাত্র ফুল দিয়ে দোল উৎসব পালন করে আসছে ।

বাইট

---------

শিলচরের শিশু উদ্যানে আজ ‘ছন্দের স্রোত’ সংস্থার উদ্যোগে বসন্ত উৎসব আয়োজন করা হয়েছে । শহরের অম্বিকাপট্টির বেঙ্গলি ফরওয়ার্ড ক্লাবের উদ্যোগে আজ ঐ স্থানে বসন্ত উৎসব উদযাপন করা হয়। শিলচর প্রেস ক্লাবের উদ্যোগে আজ বসন্ত উৎসবকে কেন্দ্র করে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয় । আলোচনার বিষয় ছিল- ‘ ঋতু বদল যেখানে জীবনের ছন্দে ছন্দে’ ।

শ্রীভূমি জেলায় আজ বিভিন্ন সংস্থা-সংগঠন বসন্ত উৎসব উদযাপন করেছে । আজ করিমগঞ্জ কলেজের মাঠে ‘উৎসব ইভেন্ট’ আয়োজিত হোলি উৎসবে শহরের বিভিন্ন স্কুল-কলেজের ছাত্রছাত্রীরা উৎসবের আনন্দে মেতে উঠেছে ।

হাইলাকান্দি জেলায়ও আজ দোলযাত্রা উপলক্ষে জনসাধারণের মধ্যে উৎসবের মেজাজ বিরাজ করছে । এই জেলায়ও বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা আজ বসন্ত উৎসব পালন করেছে । হাইলাকান্দির সঙ্গীত মহাবিদ্যালয় আজ স্থানীয় রামকৃষ্ণ সেবা সমিতি প্রাঙ্গণে এই উৎসবের আয়োজন করে ।

ডিমা হাসাও জেলায়ও আজ হোলি এবং দোল উৎসব পালন করা হয়েছে ।

এদিকে রঙ খেলা উপলক্ষে আগামীকাল বরাক উপত্যকার তিন জেলায় এন আই এ্যাক্টের আওতায় ছুটি ঘোষণা করা হয়েছে । এছাড়া বরাক উপত্যকার তিন জেলাপ্রশাসন রঙের উৎসব উদযাপনের সময় সাবধানতা অবলম্বন করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন । বিশেষ করে ক্ষতিকারক রঙের ব্যবহার, জল রঙের প্রয়োগ ইত্যাদির ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যে আগামী পয়লা এপ্রিল থেকে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্প রুপায়নের মাধ্যমে ২৭ লক্ষ মহিলাকে এই প্রকল্পের চেক বিতরণ করা হবে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জনতা ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেন যে বিহালীতে ২৩ হাজার মহিলাকে চেক বিতরণের মাধ্যমে এই প্রকল্পের সূচণা করা হবে ।রাজ্য সরকারের এই ধ্বজাবাহী প্রকল্পটি দেশের মধ্যে মহিলা সবলীকরনের ক্ষেত্রে একটি বৃহৎ প্রকল্প বলে উল্লেখ করে ড: শর্মা বলেন যে রাজ্যের আত্মসহায়ক গোষ্ঠীর সদস্য হিসেবে থাকা ৩৬ লক্ষ মহিলার মধ্যে প্রায় ২৭ লক্ষ মহিলা এই প্রকল্পের যোগ্য বলে বিবেচিত হবে ।এর জন্য আগামী ৩১ শে মার্চের মধ্যে হিতাধিকারীর তালিকা চূড়ান্ত করা হবে ।হিতাধিকারীরা প্রথম কিস্তিতে লাভ করা ১০ হাজার টাকা উপযুক্তভাবে ব্যবহার করলে তাদেরকে দ্বিতীয় কিস্তিতে ২৫ হাজার টাকা প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

বদরপুরের ৩৭ নম্বর জাতীয় সড়কে আজ বিকেলে এক ভয়াবহ সড়ক দূর্ঘটনায় এক ব্যাক্তির মৃত্যু হয়েছে । একটি বাইক ও ট্রাকের মধ্যে মুখোমুখী সংঘর্ষে বাইক চালক আব্দুল বারি নামে এক ব্যাক্তির এই ঘটনায় মৃত্যু হয় ।ঐ ব্যাক্তির বাড়ী বদরপুর থানা এলাকার নৈখাই গ্রামে বলে জানা গেছে । এই ঘটনায় ঐ এলাকায় শোকের ছায়া নেমে আসে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কাটলিছড়া রাজস্ব চক্রের অধীন বেশ কয়েকটি গ্রামে গতকাল রাতের প্রচন্ড শিলাবৃষ্টি ও ঝড়ের ফলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে । ঝড়ের ফলে গোটা এলাকায় বিদ্যুৎ পরিষেবা বন্ধ রয়েছে । আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে স্থানীয় জনগন জানান যে ----

---------------------------------------------------------------------------------------------

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে আজ শিলচরে দলীয় কার্যালয়ে সমাজ বিজ্ঞানী দার্শনিক কার্ল মার্কসের প্রয়ান দিবস পালন করা হয়েছে । দলের পক্ষ থেকে প্রথমে মার্কসের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা হয়। পরে মার্কসের জীবন ও দর্শনের বিভিন্ন দিক নিয়ে ভবতোষ চক্রবর্তী , দুলালী গাঙ্গুলী প্রমূখ বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------